

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার
বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০১.০১৬.২০.২৮

তারিখ: ২৬ শ্রাবণ ১৪২৭
১০ আগস্ট ২০২০

বিষয়: রিট পিটিশন নং-২৫৮১/২০১৯ মামলায় সরকার পক্ষে জবাব (Affidavit in opposition)
দাখিলসহ প্রয়োজনীয় আইনী ব্যবস্থা গ্রহণক্রমে টিএমইডিতে তথ্য প্রেরণ।

সূত্র: মহামান্য হাইকোর্ট বিভাগের রুল নিশি জারির আদেশ, তারিখ: ১৬.০৪.২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জনাব শাহ মো: আবদুর রাজ্জাক, পিতা: মৃত শাহ তসলীম উদ্দীন এবং সুপার, গানগঞ্জ ইসলামিয়া দাখিল মাদ্রাসা, পীরগাছা, রংপুর কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-২৫৮১/২০১৯ মামলাটি দায়ের করা হয়েছে। মামলাটি মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর সংশ্লিষ্ট এবং মামলায় রুল নিশি জারির আদেশ প্রেরণ করা হয়েছে।

০২. মামলাটির রুল নিশি জারির আদেশ পর্যালোচনা করে দেখা যায় যে, আবেদনকারী জনাব শাহ মো: আবদুর রাজ্জাক কর্তৃক তার নাম সুপার, গানগঞ্জ ইসলামিয়া দাখিল মাদ্রাসা, পীরগাছা, রংপুর হিসেবে এমপিওভুক্তির দাবীতে মামলাটি দায়ের করা হয়েছে।

০৩. উক্ত রিট পিটিশন মামলায় সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়কে ১ নং রেসপনডেন্ট; মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর-কে ২ নং রেসপনডেন্টসহ মোট ০৮ (আট) জনকে রেসপনডেন্ট করা হয়েছে।

০৪. বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইট থেকে জানা যায় (০৬.০৮.২০২০ খ্রি: তারিখে) যে, মামলাটি গত ০৫.০৩.২০১৯ খ্রি: তারিখে ফাইলড হয়েছে এবং ওয়েবসাইটের তথ্যমতে এখনো শুনানীর জন্য নির্ধারিত হয়নি।

০৫. মামলাটি সরকারী স্বার্থ সংশ্লিষ্ট বিধায় সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে মহামান্য আদালতে Affidavit in opposition দাখিলসহ জরুরীভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ আবশ্যিক।

০৬. এমতাবস্থায় উপরিউক্ত মতে রিট পিটিশন নং-২৫৮১/২০১৯ মামলায় সরকার পক্ষে জবাব (Affidavit in opposition) দাখিলসহ (ইতোপূর্বে দাখিল না হয়ে থাকলে) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণক্রমে আগামী ২০.০৮.২০২০ খ্রি: তারিখের মধ্যে টিএমইডিতে তথ্য প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



১০-৮-২০২০

ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০১.০১৬.২০.২৮/১(৭)

তারিখ: ২৬ শ্রাবণ ১৪২৭
১০ আগস্ট ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪) সিসটেম এ্যানালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫) যুগ্ম-সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৭) অফিস কপি/ মাস্টার কপি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।



১০-৮-২০২০

ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)